দৈনিক বাংলা

তারিখ 28 NOV 1991

পৃষ্ঠা ২ কলাম ৬

68

# চট্টগ্রামে ছাত্র ধর্মঘট

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ঃ চট্টগ্রাম, ২৭ নবেম্বর।– ছাত্র শিবিরের আহবানে আজ চট্টগ্রাম নগরীতে ছাত্র ধর্মঘট পালিত হয়েছে। চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টি–টিউটকে সন্ত্রাসমুক্ত করার দাবীতে শিবির এই ধর্মঘটের ডাক দেয়।

ধর্মঘট চলাকালে নগরীর অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ ছিল, তবে পরীক্ষা–সমূহ যথারীতি অনুষ্ঠিত হয়। শিবির এই দাবীতে ২৮ নবেম্বর ছাত্র গণজমায়েত এবং ৩০ নবেম্বর চট্টগ্রামে পূর্ণ দিবস হরতাল আহবান করেছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে আজও কোন ক্লাস হয়নি। সর্বদলীয় ছাত্র ঐক্যের আহবানে গত পাঁচদিন যাবৎ বিশ্ববিদ্যালয়ে

(শেষ পৃঃ ৭–এর কঃ দেঃ)

## চট্টগ্রামে ছাত্র ধর্মঘট

(প্রথম পৃঃ পর)

ছাত্র ধর্মঘট চলছে। সর্বদলীয় ছাত্র ঐক্য আজ এক সভায় নতুন কর্মসূচী ঘোষণা করেছে। এর মধ্যে ২৮ নবেম্বর সকল ছাত্র নেতৃবৃন্দের বৈঠক, ৩০ নবেম্বর পেশা–জীবীদের সঙ্গে বৈঠক, ১ ডিসেম্বর রাজ–নৈতিক নেতৃবৃন্দের সঙ্গে বৈঠক এবং ৩ ডিসেম্বর ছাত্র সমাবেশ ও মিছিল অন্যতম।

এদিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এক প্রেস বিজ্ঞপ্তিতে বলেছে, বিচার বিভাগীয় তদন্ত কমিশন কর্তৃক অভিযুক্ত ভিসির গদি টলটলায়মান দেখে কতিপয় সুবিধাভোগী শিক্ষক বাংলাদেশের ছাত্রছাত্রীদের শিক্ষাজীবন ধ্বংসের জন্য একটি বিদেশী গোয়েন্দা সংস্থার নীল নকশানুযায়ী অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের মত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়কে অচল করে দেবার পাঁয়তারা করছেন।